গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

# সংবাদ গতিধারা

**স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা-৭৫/২০২৩-২০২৪**

**ময়মনসিংহ, ১৮ ডিসেম্বর, সোমবার ২০২৩, ০৩ পৌষ ১৪৩০**

**আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:**

০১। সংসদ নির্বাচনে সেনা মোতায়েনে রাষ্ট্রপতির সম্মতি

০২। যথাযোগ্য মর্যাদায় ময়মনসিংহে বিজয় দিবস উদযাপন

০৩। আওয়ামী লীগের সঙ্গে জাতীয় পার্টি ও ১৪ দলীয় জোটের সমঝোতা

০৪। ময়মনসিংহের ১১টি সংসদীয় আসনে ১৯ জন, বিভাগে ২৫ প্রার্থীর প্রার্থিতা প্রত্যাহার

## ০১। সংসদ নির্বাচনে সেনা মোতায়েনে রাষ্ট্রপতির সম্মতি

আসন্ন জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে সেনা মোতায়েনে সম্মতি দিয়েছেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। বঙ্গভবনে রবিবার (১৭ ডিসেম্বর) সকালে রাষ্ট্রপতির সঙ্গে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়াল সাক্ষাৎ করে সেনা মোতায়েনের অনুরোধ জানালে তিনি এতে সম্মতি দেন। পরে রাষ্ট্রপতির প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন ব্রিফিংয়ে জানান, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠানে বেসামরিক প্রশাসনকে সহযোগিতা করতেই নির্বাচন কমিশন (ইসি) সেনা মোতায়েনের আনুষ্ঠানিক অনুরোধ জানায়। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

## ০২। যথাযোগ্য মর্যাদায় ময়মনসিংহে বিজয় দিবস উদযাপন

নানাবিধ কর্মসূচির মধ্য দিয়ে শনিবার (১৬ ডিসেম্বর) যথাযোগ্য মর্যাদায় ময়মনসিংহে মহান বিজয় দিবস উদযাপিত হয়েছে। এদিন সকালে সূর্যোদয়ের পর নগরীর মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে বীর মুক্তিযোদ্ধাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করে নগরীর সর্বস্তরের জনগণ। সকাল আটটায় নগরীর রফিক উদ্দিন ভূঁইয়া স্টেডিয়ামে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন, সম্মিলিত কুচকাওয়াজ ও শারীরিক কসরত প্রদর্শন করা হয়। সকাল ১১ টায় ময়মনসিংহের অ্যাডভোকেট তারেক স্মৃতি অডিটোরিয়ামে আলোচনা সভা এবং শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্য বীর মুক্তিযোদ্ধাগণের সংবর্ধনা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিকেলে সাড়ে তিনটায় সার্কিট হাউজ মাঠে প্রীতি ফুটবল ম্যাচের আয়োজন করা হয়। দিবসটি নিজস্ব কর্মসূচির মধ্য দিয়ে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, কবি নজরুল বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ প্রেসক্লাব, ময়মনসিংহ বিভাগের জেলা উপজেলা পর্যায়ে পালিত হয়। মহান বিজয় দিবস উপলক্ষ্যে আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহের উদ্যোগে অফিসের সম্মেলন কক্ষে উপপ্রধান তথ্য অফিসার মোহাম্মদ ওমর ফারুক দেওয়ানের সভাপতিত্বে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, আজকের বাংলাদেশ, দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ।

## ০৪। ময়মনসিংহের ১১টি সংসদীয় আসনে ১৯ জন, বিভাগে ২৫ প্রার্থীর প্রার্থিতা প্রত্যাহার

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের সঙ্গে জাতীয় পার্টি ও ১৪ দলীয় জোটের অন্য শরীকদের সঙ্গে সমঝোতা হয়েছে। নির্বাচনে আওয়ামীলীগ ২৬৩ সংসদীয় আসনে নৌকা প্রতীকে দলীয় প্রার্থী চূড়ান্ত করেছে বলে জানিয়েছেন দলটির দপ্তর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া। রবিবার (১৭ ডিসেম্বর) নির্বাচন কমিশনে গিয়ে কমিশন সচিব জাহাংগীর আলমের সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। এছাড়া জাতীয় পার্টির জন্য ২৬ টি এবং ১৪ দলীয় জোটের অন্য শরীকদের জন্য ছয়টি আসন ছেড়ে দেয়ার সিদ্ধান্ত নিয়েছে আওয়ামী লীগ। সূত্র: দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ।

## ০৪। ময়মনসিংহের ১১টি সংসদীয় আসনে ১৯ জন প্রার্থীর প্রার্থিতা প্রত্যাহার

ময়মনসিংহের ১১ টি সংসদীয় আসনে ১৯ জন প্রার্থী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন থেকে প্রার্থিতা প্রত্যাহার করেছেন। এর মধ্যে ময়মনসিংহ-৫ ও ময়মনসিংহ-৮ আসনে আওয়ামী লীগের দলীয় প্রার্থী প্রত্যাহার করা হয়েছে। এছাড়া রিটার্নিং অফিসারের কার্যালয়ে জাকের পার্টির ৭ জন, জাসদের ৬ জন, তরিকত ফেডারেশনের ০১ জন ও ০৩ জন স্বতন্ত্র প্রার্থী প্রার্থিতা প্রত্যাহার করেছেন। ফলে নির্বাচনে জেলার ১১টি আসনে ৬৭ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন বলে নিশ্চিত করেছেন সিনিয়র জেলা নির্বাচন অফিসার সফিকুল ইসলাম। শেরপুরের তিনটি সংসদীয় আসনে যাচাই-বাছাইয়ে ১৬ জন প্রার্থী বৈধ হয়। এর মধ্যে সদর আসন থেকে জাকের প্রার্থীর প্রার্থী নিজের প্রার্থিতা প্রত্যাহার করেছেন। নেত্রকোনা জেলার পাঁচটি সংসদীয় আসনে ২৪ জন প্রার্থী বৈধ হলেও জাকের পার্টির দুজন প্রার্থিতা প্রত্যাহার করেছেন। জামালপুরের পাঁচটি আসনে মোট বৈধ প্রার্থী ছিলেন ২৯ জন। তার মধ্যে জাকের পার্টির ০৩ জন প্রার্থী প্রার্থিতা প্রত্যাহার করে নিয়েছেন। ফলে এই জেলার পাঁচটি আসনে মোট প্রার্থী থাকলো ২৬ জন। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, আজকের বাংলাদেশ, দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন ও দৈনিক আজকের ময়মনসিংহ।

# সম্পাদকীয়

**(ক)** **আজকের বাংলাদেশ:** সরকারি অর্থ ব্যয়ের ক্ষেত্রে অনিয়মের ঘটনা সচরাচরই দেখা যায়। এবার সরকারের অডিটেই বিভিন্ন মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্প ও রাজস্বসহ নানা খাতে বিশাল অঙ্কের আপত্তির তথ্য উঠে এসেছে। সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি এসব রিপোর্ট পর্যালোচনা করে অর্থ আদায়ের নির্দেশনা ও তা বাস্তবায়নে আরো কঠোর হতে হবে।

**(খ)** **দৈনিক স্বজন:** রমজান মাস আসতে এখনো দেরি রয়েছে কিন্তু এখনই সক্রিয় হচ্ছে বাজার সিন্ডিকেট। রমজানে এরকম কোন কারসাজি করে কেউ যাতে নিত্য পণ্যের দাম বাড়াতে না পারে, এ ব্যাপারে কর্তৃপক্ষকে সতর্ক থাকতে হবে।

**(গ)** **দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ:** বাংলাদেশে নানা ধরনের ক্যান্সারের প্রকোপ বাড়ছে। বাংলাদেশের সরকারি হাসপাতালগুলোতে কমপক্ষে ১৮০ টি রেডিওথেরাপি মেশিন থাকা প্রয়োজন। সেখানে বাস্তবে চালু আছে মাত্র ছয়টি, তা-ও পূর্ণাঙ্গ মাত্রায় নয়। একটি দেশের ক্যান্সার চিকিৎসার এই হাল অত্যন্ত দুঃখজনক। যে করেই হোক, দেশের চিকিৎসা সেবার ওপর আস্থা ফেরাতে হবে। সূত্র: দৈনিক আজকের ময়মনসিংহ।

## প্রবন্ধ/নিবন্ধ

০১। স্বাধীন বাংলাদেশ বঙ্গাবন্ধুর অমর কীর্তি-মানিক লাল ঘোষ। সূত্র: দৈনিক স্বজন।

০২। কৃষিতে নীরবে ঘটছে নবজাগরণ-এ এইচ এম ফিরোজ আলী। সূত্র: দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের ময়মনসিংহ

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।